গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৬.২৩.২১৬.২৬. ৯৬ তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩৩ / ০১ মার্চ ২০২৬

বিষয়: জাতীয় যুব পুরস্কার ২০২৬ প্রদানের লক্ষ্যে সফল আত্মকর্মী ও যুব সংগঠক মনোনয়ন প্রস্তাব প্রেরণ সংক্রান্ত অনুসরনীয় নির্দেশনা।

গতবারের ন্যায় এবারও ১২ আগস্ট ২০২৬ তারিখে জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস একত্রে উদযাপিত হবে। জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস ২০২৬ উদযাপন উপলক্ষ্যে সফল আত্মকর্মী ক্যাটাগরিতে ১৪ জনকে এবং যুবসংগঠক ক্যাটাগরিতে ০৬ জনকে সর্বমোট ২০ জনকে দেশের আর্থ-সামাজিক উন্নয়নমূলক কর্মকান্ডে অসাধারণ অবদানের জন্য জাতীয় যুব পুরস্কার ২০২৬ প্রদান করা হবে। ইতিমধ্যেই জাতীয় যুব পুরস্কার ২০২৬ প্রদানের নিমিত্তে আগ্রহী সফল আত্মকর্মী ও যুবসংগঠকদের নিকট থেকে জাতীয় যুব পুরস্কার নীতিমালা (সংশোধিত) ২০২৬ অনুসরন করে ২৭/০২/২০২৬ তারিখে দৈনিক কালবেলা এবং ২৮/০২/২০২৬ তারিখে দৈনিক প্রথম আলো পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। আবেদন দাখিলের ক্ষেত্রে জাতীয় যুব পুরস্কার নীতিমালা (সংশোধিত) ২০২৫ যথাযথভাবে অনুসরণ করতে হবে। আবেদন ফরম ও জাতীয় যুব পুরস্কার নীতিমালা (সংশোধিত) ২০২৬ যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইট (www.dyd.gov.bd) এ পাওয়া যাবে। অধিদপ্তরের ওয়েব সাইট থেকে উক্ত নীতিমালা ডাউনলোড করে সংগ্রহ ও সংশ্লিষ্টদের নিকট সরবরাহ করা যেতে পারে। আবেদন প্রেরণের সময় আবেদন ফরম সঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা তা নিশ্চিত হতে হবে। আবেদনপত্র এবং সংযুক্ত দলিলাদি সুন্দর করে স্পাইরাল বাইন্ডিং পূর্বক দাখিল করতে হবে। প্রোফাইল প্রস্তাবে সূচিপত্র আবশ্যিকভাবে থাকতে হবে। আবেদনপত্রে বর্ণিত তথ্যাদির সমর্থনে উপযুক্ত প্রমাণক সংযুক্ত আছে কিনা তা নিশ্চিত হতে হবে। জাতীয় যুব পুরস্কার নীতিমালা (সংশোধিত) ২০২৬ এর সাথে সংযুক্ত আবেদন ফরম ব্যতীত অন্য কোনো ফরমে আবেদন করা হলে তা বিবেচনা করা হবে না।

০২। উপজেলা/থানা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে আবেদনপত্র দাখিলের সর্বশেষ তারিখ ০১-০৪-২০২৬ খ্রি. বিকাল ৫ টা পর্যন্ত। উপজেলা/থানা কার্যালয়ে জাতীয় যুব পুরস্কার নীতিমালা (সংশোধিত) ২০২৬ অনুসারে দাখিলকৃত আবেদন উপজেলা/থানা কার্যালয় কর্তৃক ০৭-০৪-২০২৬ খ্রি. তারিখ মঙ্গলবার বিকাল ৫ টার মধ্যে জেলা কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে

০৩। জেলা কার্যালয় (উপপরিচালকের কার্যালয়) কর্তৃক জাতীয় যুব পুরস্কার নীতিমালা (সংশোধিত) ২০২৬ যথাযথভাবে অনুসরণপূর্বক জেলা মনোনয়ন কমিটি প্রতি জেলা হতে সফল আত্মকর্মী ক্যাটাগরিতে ০১ (এক) জন যুব পুরুষ, ০১ (এক) জন যুব নারী, বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক কোটায় ০১ (এক) জন (যদি থাকে), ট্রান্স জেন্ডার কোটায় ০১ (এক) জন (যদি থাকে), ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় ০১ (এক) জন (যদি থাকে) সফল আত্মকর্মীর মনোনয়ন প্রস্তাব এবং যুব সংগঠক ক্যাটাগরিতে ০১ (এক) জন পুরুষ যুব সংগঠক, ০১ (এক) জন নারী যুব সংগঠক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় ০১ (এক) জন (যদি থাকে), বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক কোটায় ০১ (এক) জন (যদি থাকে), ট্রান্স জেন্ডার কোটায় ০১ (এক) জন (যদি থাকে) যুব সংগঠক-এর মনোনয়ন প্রস্তাব জেলা মনোনয়ন কমিটির সভার কার্যবিবরণী, প্রয়োজনীয় কাগজপত্র ও সচিত্র প্রতিবেদনসহ যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট আগামী ০১ জুন ২০২৬ তারিখ সোমবারের মধ্যে পৌছানো নিশ্চিত করতে হবে।

০৪। বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক/ট্রান্স জেন্ডার/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় জাতীয় যুব পুরস্কারের জন্য কোনো প্রার্থী মনোনয়নের সুপারিশ করা হলে জেলা মনোনয়ন কমিটির সভার কার্যবিবরণীতে কোটা উল্লেখ পূর্বক প্রস্তাবের সাথে কার্যবিবরণী সংযুক্ত করতে হবে। সফল আত্মকর্মী অথবা যুব সংগঠক ক্যাটাগরিতে কেউ জাতীয় যুব পুরস্কার পেয়ে থাকলে তিনি আর পুরস্কারের জন্য আবেদন করতে পারবেন না।

০৫। কোনো কোটায় প্রার্থী না পাওয়া গেলে তার যথোপযুক্ত কারণ উল্লেখ করতে হবে এবং এতদসংক্রান্ত জেলা প্রশাসকের সভাপতিত্বে অনুষ্ঠিত জেলা মনোনয়ন কমিটির সভার কার্যবিবরণী সিদ্ধান্তসহ নির্দিষ্ট তারিখের মধ্যে জাতীয় যুব পুরস্কার ২০২৬ এর মনোনয়ন প্রস্তাব মহাপরিচালকের কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো

০৬। আবেদন পত্রের সাথে সফল আত্মকর্মী/যুব সংগঠকের উল্লেখযোগ্য কার্যক্রমের ভিডিও চিত্র/সিডি আবশ্যিকভাবে দাখিল করতে হবে।

০৭। আবেদনকারীর সাফল্যের সংক্ষিপ্ত ইতিহাস (Nikosh Font) এর ছবি এবং হার্ডকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে এবং সফট কপি Word File আকারে (Nikosh Font) ই-মেইলে adimplement1 @dyd.gov.bd এই ঠিকানায় প্রেরণ করতে হবে

০৮। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

সংযুক্তি: ০১। জাতীয় যুব পুরস্কার নীতিমালা (সংশোধিত) ২০২৬।
০২। জাতীয় যুব পুরস্কার ২০২৬ সংক্রান্ত বিজ্ঞপ্তি।

০১.০৩.২০২৬
(মোঃ আঃ হামিদ খান)
পরিচালক
বাস্তবায়ন পরিবীক্ষণ ও যুব সংগঠন উইং
ফোন: ০২-২২৩৩৮৯৭১০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক ( ............................... ) (সকল) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। জেলা প্রশাসক ............................................ জেলা (সকল)।
০৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা ................................ উপজেলা (সকল)।
০৪। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর.............................................. জেলা (সকল)।
০৫। প্রোগ্রামার, মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। (যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬। থানা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ................. থানা/উপজেলা (সকল) ................... জেলা (সকল)।
০৭। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৮। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৬.২৩.২১৬.২৬.৯২

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩৩ / ২৬ ফেব্রুয়ারি ২০২৬

## বিজ্ঞপ্তি

জাতীয় যুব পুরস্কার ২০২৬ প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী আগ্রহী সফল আত্মকর্মী এবং যুব সংগঠকদের নিকট থেকে জাতীয় যুব পুরস্কার নীতিমালা (সংশোধিত) ২০২৬ অনুসরণ করে নির্ধারিত আবেদন ছকে আবেদন আহবান করা যাচ্ছে।

জাতীয় যুব পুরস্কার সংশ্লিষ্ট তথ্যাদি

| ক্রমিক নং | পুরস্কার/ ক্যাটাগরির নাম | পুরস্কারের সংখ্যা | পুরস্কারের ধরণ (প্রতিটির ক্ষেত্রে) |
|---|---|---|---|
| ১। | সফল আত্মকর্মী পুরস্কার | জাতীয় পর্যায়ে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীর জন্য -০৩(তিন)টি, তন্মধ্যে কমপক্ষে ০১ (এক) জন হবেন নারী; প্রতি বিভাগ হতে ০১(এক) টি করে ০৮ (আট) টি; ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ০১ (এক) টি, ট্রান্সজেন্ডার ০১ (এক)টি, বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক ০১ (এক)টি সর্বমোট ১৪ (চৌদ্দ) টি পুরস্কার। | জাতীয় পর্যায়ে ১ম পুরস্কার ২.০ লক্ষ টাকা; ২য় পুরস্কার ১.৫০ লক্ষ টাকা; ৩য় পুরস্কার ১.২৫ লক্ষ টাকা; বিভাগীয় পর্যায়ে পুরস্কার ১.০০ লক্ষ টাকা; চেক ক্রেস্ট ও সনদপত্র। |
| ২। | যুব সংগঠক পুরস্কার | জাতীয় পর্যায়ে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীর জন্য -০৩ (তিন) টি, তন্মধ্যে কমপক্ষে ০১ (এক) জন হবেন নারী; ট্রান্সজেন্ডার ০১(এক)টি, বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক ০১ (এক) টি, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ০১ (এক) টি, সর্বমোট ০৬ (ছয়)টি পুরস্কার। | |

০২। আবেদনের শর্তাবলী

(ক) জাতীয় যুব পুরস্কার নীতমালা (সংশোধিত) ২০২৬ যথাযথ অনুসরণ করে নির্ধারিত আবেদন ফরম-এ করতে হবে। জাতীয় যুব পুরস্কার নীতিমালা (সংশোধিত) ২০২৬ এবং আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে www.dyd.gov.bd –এ পাওয়া যাবে;

(খ) আবেদনকারীকে তাঁর নিজ থানা/উপজেলার থানা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে জাতীয় যুব পুরস্কার ২০২৬ এর আবেদন দাখিল করতে হবে। থানা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে আবেদন দাখিলের সর্বশেষ সময় ০১.০৪.২০২৬খ্রি. তারিখ বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত;

(গ) একজন আবেদনকারীকে সফল আত্মকর্মী/ যুব সংগঠক যে কোন একটি ক্যাটাগরিতে আবেদন করতে পারবেন; ইতিপূর্বে জাতীয় যুব পুরস্কার প্রাপ্তগণ পুনরায় আবেদন করতে পারবেন না।

(ঘ) সফল আত্মকর্মী ক্যাটাগরিতে জাতীয় যুবনীতি ২০১৭ অনুযায়ী ১৮-৩৫ বছর বয়সের মধ্যে যুব উন্নয়ন অধিদপ্তর/জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট থেকে যে কোনো ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ পূর্বক উক্ত প্রশিক্ষণ ট্রেডের ওপর আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণের মাধ্যমে স্বাবলম্বী হয়েছেন এমন যুবক এবং যুব নারীরা আবেদন করতে পারবেন। জাতীয় যুব পুরস্কারের জন্য আত্মকর্মীর বয়স ৪৫ বছর পর্যন্ত বিবেচনা করা হবে;

(ঙ) যুব সংগঠক ক্যাটাগরিতে যুব উন্নয়ন অধিদপ্তর হতে নিবন্ধনকৃত/স্বীকৃতিপ্রাপ্ত যুব সংগঠনের সক্রিয় সদস্য হিসেবে যিনি সার্বিক যুব কার্যক্রমসহ বিভিন্ন সমাজসেবামূলক কর্মকান্ড বাস্তবায়নে উল্লেখযোগ্য ও অনুকরণীয় ভূমিকা পালন করেছেন এমন ২৫ থেকে ৪৫ বছর বয়সী যুব সংগঠকগণ আবেদন করতে পারবেন।

(চ) কোনো ক্যাটাগরিতে প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতাসম্পন্ন প্রার্থী না পাওয়া গেলে সে ক্যাটাগরিতে পুরস্কার প্রদান করা হবে না;

(ছ) ফৌজদারি মামলায় দন্ডিত কোনো ব্যক্তি/সমাজ বা রাষ্ট্র বিরোধী বা আইন শৃঙ্খলা পরিপন্থী কাজে লিপ্ত কোনো ব্যক্তি/ঋণখেলাপি কোনো ব্যক্তি এ পুরস্কারের আবেদনের জন্য বিবেচিত হবেন না।

(জ) বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক/ট্রান্স জেন্ডার/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় কোনো আবেদনকারী আবেদন করলে সংশ্লিষ্ট কোটার সমর্থনে উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়ন দাখিল করতে হবে।

(ঝ) আবেদনের সাথে আবেদনকারীর সাফল্যের সংক্ষিপ্ত ইতিহাস (সর্বোচ্চ ২৫০ শব্দের মধ্যে) সফট কপি নিকস ফন্টে দাখিল করতে হবে।

(ঞ) আবেদন ফরমে চাহিত সকল প্রমাণক (আবেদনকারীর সাফল্যের সংক্ষিপ্ত ইতিহাস, সনদপত্র, প্রত্যয়নপত্র, ছবি, ভিডিও, পেনড্রাইভ ও অন্যান্য তথ্যাদি) সংযুক্ত করতে হবে।

(ট) কোনো বিষয়ে অস্পষ্টতা থাকলে যুব উন্নয়ন অধিদপ্তরের স্থানীয় উপপরিচালক/উপজেলা/ থানা যুব উন্নয়ন কর্মকর্তার সহায়তা গ্রহণ করতে পারেন।

(ঠ) অসম্পূর্ণ আবেদন বাতিল বলে বিবেচিত হবে।

২৬/০২/২০২৬
(মোঃ আঃ হামিদ খান)
পরিচালক
বাস্তবায়ন পরিবীক্ষণ ও যুব সংগঠন উইং
ফোন: ০২-২২৩৩৮৯৭১০

**পরিশিষ্ট-গ**

**জাতীয় যুব পুরস্কার (সফল আত্মকর্মী) নম্বর বণ্টন পদ্ধতি**

**মোট নম্বর-১০০**

**জাতীয় কমিটি- *২০**

**কেন্দ্রীয় মনোনয়ন কমিটি- **৮০**

| |
|---|
| ০১। **মেয়াদ:**<br>প্রকল্পের মেয়াদ ন্যূনতম ৩ বছরের জন্য ৪ নম্বর এবং অতিরিক্ত প্রতি বছরের জন্য ২ নম্বর, সর্বোচ্চ ১৪ নম্বর। |
| ০২। **বর্তমান মূলধন:**<br>(ক) প্রকল্পে উৎপাদনে নিয়োজিত মূলধন ন্যূনতম ৫ লক্ষ টাকার জন্য ৬ নম্বর এবং পরবর্তীতে প্রতি ১ লক্ষ টাকার জন্য ১ নম্বর এভাবে সর্বোচ্চ ২০ নম্বর প্রাপ্ত হবেন। বর্তমান মূলধন ২৫ লক্ষ টাকা হলে অতিরিক্ত ২ নম্বর, ৫০ লক্ষ টাকা হলে অতিরিক্ত ৪ নম্বর এবং ১ কোটি তার অধিক হলে অতিরিক্ত ৬ নম্বর প্রাপ্য হবেন। বর্তমান মূলধনে সর্বোচ্চ ২৬ নম্বর।<br>(খ) বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক, ট্রান্সজেন্ডার ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে প্রকল্পে উৎপাদনে নিয়োজত মূলধন ন্যূনতম ২ লক্ষ ৫০ হাজার টাকার জন্য ৬ নম্বর এবং পরবর্তীতে প্রতি ১ লক্ষ টাকার জন্য ২ নম্বর, এভাবে সর্বোচ্চ ২০ নম্বর প্রাপ্ত হবেন। বর্তমান মূলধন ১২ লক্ষ ৫০ হাজার টাকা হলে অতিরিক্ত ২ নম্বর, ২৫ লক্ষ টাকা হলে অতিরিক্ত ৪ নম্বর এবং ৫০ লক্ষ বা এর অধিক হলে অতিরিক্ত ৬ নম্বর প্রাপ্য হবেন। বর্তমান মুলধনে সর্বোচ্চ ২৬ নম্বর। |
| ০৩। **নিট আয়:**<br>(ক) বাৎসরিক ন্যূনতম ১০ লক্ষ টাকার জন্য ১০ নম্বর এবং পরবর্তী ১ লক্ষ টাকার জন্য ১ নম্বর, সর্বোচ্চ ২০ নম্বর।<br>(খ) বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক, ট্রান্সজেন্ডার ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য বাৎসরিক ন্যূনতম ৫ লক্ষ টাকার জন্য ১০ নম্বর এবং পরবর্তী প্রতি ৫০ হাজার টাকার জন্য ২ নম্বর সর্বোচ্চ ২০ নম্বর। |
| ০৪। **জনবল (প্রকল্পে স্থায়ীভাবে কর্মরত):**<br>প্রথম ২ জনের জন্য ১ নম্বর এবং পরবর্তী প্রতি ১ জনের জন্য ১ নম্বর, সর্বোচ্চ ৬ নম্বর। |
| ০৫। **পরিবেশ উন্নয়ন ও উদ্ভাবনী কর্মকাণ্ডে অবদান** (সুস্পষ্ট তথ্য ও প্রমাণাদিসহ) এক্ষেত্রে প্রতি কর্মকাণ্ডে অবদানের জন্য ২ নম্বর (প্রমাণকসহ) সর্বোচ্চ ৮ নম্বর। |
| ০৬। **আত্মকর্মী/উদ্যোক্তা সৃষ্টিতে অবদান:**<br>ন্যূনতম ৫ জনের জন্য ২ নম্বর, পরবর্তী প্রতি ১ জনের জন্য ১ নম্বর, সর্বোচ্চ ৬ নম্বর (দাবিকৃত কার্যক্রম ও তথ্যের অনুকূলে উপযুক্ত প্রমাণক দাখিল করতে হবে)। |

*গুণগত মানের ভিত্তিতে জাতীয় কমিটি কর্তৃক মূল্যায়িত হবে;

**বর্ণিত টেবিল অনুযায়ী পরিমাণগত মানের ভিত্তিতে কেন্দ্রীয় মনোনয়ন কমিটি কর্তৃক মূল্যায়িত হবে।

## <u>সফল আত্মকর্মী মূল্যায়ন ছক</u>

| প্রশিক্ষণ গ্রহণের তারিখ | প্রকল্প শুরুর তারিখ | প্রকল্পের মেয়াদ | প্রকল্প মেয়াদের ওপর প্রাপ্ত নম্বর (সর্বোচ্চ নম্বর ১৪) | প্রকল্পের প্রাথমিক মূলধন | প্রকল্পের বর্তমান মূলধন | বর্তমান মূলধনের ওপর প্রাপ্ত নম্বর (সর্বোচ্চ নম্বর ২৬) | প্রকল্পের বার্ষিক নিট আয় | বার্ষিক নিট আয়ের ওপর প্রাপ্ত নম্বর (সর্বোচ্চ নম্বর ২০) | প্রকল্পে নিয়োজিত জনবলের সংখ্যা | জনবলের জন্য প্রাপ্ত নম্বর (সর্বোচ্চ নম্বর ৬) | সামাজিক কর্মকাণ্ডে অবদানের জন্য (তথ্য ও চিত্র প্রমাণাদি সহ) প্রাপ্ত নম্বর (সর্বোচ্চ নম্বর ৮) | আত্মকর্মী/ উদ্যোক্তা সৃষ্টিতে অবদানের জন্য প্রাপ্ত নম্বর (সর্বোচ্চ নম্বর ৬) | মোট প্রাপ্ত নম্বর (মোট নম্বর ৮০) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| | | | | | | | | | | | | | |

**মোঃ আঃ হামিদ খান**
পরিচালক
বাস্তবায়ন পরিবীক্ষণ ও যুব সংগঠন উইং
যুব উন্নয়ন অধিদপ্তর

মোঃ মিজানুর রহমান
উপসচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

